[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[illegible]

[illegible] [illegible] [illegible] [

স্থানীয়রা রুস্তমের বাড়িতে গিয়ে ঘরের দরজায় তালা বদ্ধ অবস্থায় দেখে পুলিশ কে খরব দেয়। খবর পেয়ে গাংনী থানার ওসি মোঃ ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে। ওসি ওবাইদুর রহমান জানায়, মহিলার লাশ ঘরের ভিতর মেঝেতে পড়ে ছিল। লাশের ব্যাপারে এখন কিছুই বলা যাচ্ছেনা। বিস্তারিত জানতে মেহেরপুর প্রতিদিন এ চোখ রাখুন…

মেহেরপুর ডিবি পুলিশের পৃথক অভিযানে ৪ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযানে ৪ মাদক ব্যবসায়ী আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ। ২৭ মে বুধবার এসআই মেজবাহুর রহমানের নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুরের কালি গাংনী এলাকা থেকে শিশির নামের এক মাদক ব্যবসায়ীকে ২০গ্রাম হেরোইনসহ আটক করা হয়। আটক শিশির সদর উপজেলার শ্যামপুর ডাক্তার পাড়ার শফিকুল ইসলামের ছেলে।

অন্যদিকে একইদিনে এস আই অজয় কুমার কুন্ডু এর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী থানার গরিবপুর এলাকা থেকে ৮ বোতল ভারতীয় অফিসার্স চয়েস হুইস্কিসহ রাজু ও সবুজ আলী নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। রাজু গাংনীর তেঁতুলবাড়িয়া পশ্চিমপাড়ার ইউনুস আলীর ছেলে ও সবুজ আলী একই গ্রামের চেয়ারম্যানপাড়ার আলী মিয়ার ছেলে।

এছাড়া গত ২৬মে মঙ্গলবার এস আই মোহাম্মদ মেজবাহুর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর সদর থানার কুতুবপুর এলাকা থেকে ১০ গ্রাম হেরোইনসহ ছামছুল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটক ছামছুল কুতুবপুর বিলপাড়ার মৃত আব্দুল মজিদের ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত ওসি জুলফিকার জানান, গত মঙ্গলবার ও বুধবার পৃথক অভিযান চালিয়ে হেরোইন ও ভারতীয় অফিসার্স চয়েস হুইস্কিসহ চার মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। আটককৃতদের বিরুদ্ধে গাংনী ও সদর থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, গত ২৩ মে শনিবার জুলেখা খাতুনের ভাই মহাতাব আলী করোনায় আক্রান্ত হন। এরপর মঙ্গলবার তার পরিবারের অন্যান্য সদস্যদের নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হয়। সেখান থেকে মাহাবতাব আলীর বোন জুলেখা খাতুন করেনায় আক্রান্ত বলে প্রতিবেদন প্রদান করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান কর্মকর্তা ডা: রিয়াজুল আলম জানান,করোনায় আক্রান্ত দুইভাই বোন সুস্থ্য রয়েছে। তাদের সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে। এছাড়া করোনায় আক্রান্তদের বাড়ি সহ পার্শবর্তী ১০ বাড়ি লকডাউন করা আছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, যে কেউ করোনায় আক্রান্ত হতে পারেন। এটা নিয়ে আতংকিত না হয়ে সকলকে সচেতন হতে হবে। এছাড়া আক্রান্ত ব্যক্তি ও তার পরিবারের সদস্যদের সাথে মানবিক আচরন করতে সকলের প্রতি আহবান জানান তিনি।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগকে সহায়তার পাশাপাশি পুলিশের পক্ষ থেকে আক্রান্ত পরিবারের নিরাপত্তা সহ সকল বিষয়ে খোঁজ খবর নেয়া হচ্ছে। আক্রান্ত পরিবারের কোন সমস্য হলে পুলিশকে জানানোর জন্য বলা হয়েছে। এছাড়া পীরতলা পুলিশ ক্যাম্পের সদস্যরা সার্বক্ষনিক তাদের সাথে যোগাযোগ করছে।

মেহেরপুরে কিশোরের আত্মহত্যা চেষ্টা

পারিবারিক কলহের জেরে রাব্বি নামের এক কিশোর বিষপানে আত্মহত্যার চেষ্টা করেছে।

বুধবার বিকালে নিজ বাড়িতে সে বিষপান করে। পরে পরিবারের লোকজন তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। রাব্বি মেহেরপুর

শহরের গড়পাড়ার বুদু মিয়ার ছেলে।

রাব্বির চাচাতো ভাই সাইফুজ্জামান মামুন জানান, বেশ কিছুদিন থেকে বউয়ের সাথে বিরোধ চলছিল৷ এর আগেও সে আত্মহত্যার চেষ্টা করেছিল। আজ বুধবার দুপুরে সে আবারও বিষপান করে। এ সময় দ্রুত তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হয়।
মেপ্র/এমএফআর

মেহেরপুরে করোনা ভাইরাসে আরো ১ জন আক্রান্ত

করোনা ভাইরাসে মেহেরপুরে আরো ১টি পজেটিভ রিপোর্ট এসেছে। বুধবার বিকালের দিকে মেহেরপুর সিভিল সার্জন অফিসে রিপোর্ট এ পজিটিভ রিপোর্ট আসে।

করোনা ভাইরাস সন্দেহে সোয়াব পরীক্ষার জন্য যে নমুনা পাঠানো হয়েছিল তার মধ্যে আরো ৫২ জনের রিপোর্ট এসেছে যার মধ্যে ১ টি পজেটিভ বাকি ৫১ টি নেগেটিভ ।

এ সকল রিপোর্ট কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল দেওয়া হয় । মেহেরপুর সিভিল সার্জন ডাক্তার নাসির উদ্দিন জানান নতুন করে যে সকল নমুনা পাঠানো হয়েছিল তার মধ্যে ৫১ জনের মধ্যে করোনা ভাইরাসের কোন নমুনা পাওয়া যায়নি । এ নিয়ে মেহেরপুর জেলায় ৮শ ৯৬ জনের মধ্যে ১৩ টি পজেটিভ এবং ৫ জন সুস্থ হয়েছে।

কোটচাঁদপুরে মোটরসাইকেল দূর্ঘটনায় একজন নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে মোটরসাইকেল ও ইঞ্জিনচালিত ভ্যানের সংঘর্ষে আবুল বাশার মিলন (৫০) নামে একজন নিহত হয়েছেন। মঙ্গলবার দুপুরে উপজেলার গবিন্দপুর স্কুল পাড়ায় এ দূর্ঘটনা ঘটে।

নিহত আবুল বাশার যশোর জেলার রুপদিয়া গ্রামের আবুল হোসেন চাকলাদারের ছেলে।
সে খালিশপুর ৫৮ বিজিবি ব্যাটেলিয়নের কম্পিউটার আইটি বিভাগে অস্থায়ীভাবে কর্মরত ছিলেন।

কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, আবুল বাশার মিলন মঙ্গলবার দুপুরে খালিশপুর থেকে মোটরসাইকেলযোগে শশুরবাড়ি সুয়াদী গ্রামে যাচ্ছিলেন। পথিমধ্যে গবিন্দপুর গ্রামে পৌছালে বিপরিত দিক থেকে আসা একটি ইঞ্জিনচালিত ভ্যানের সাথে সংঘর্ষ হয়। দূর্ঘটনায় মোটরসাইকেল আরোহী মিলনের একটি পা গুরতর জখম হয়। এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে কোটচাঁদপুর মডেল থানা পুলিশ ঘটনাস্থল খেকে নিহতের মরদেহ উদ্ধার করেছে। এঘটনায় ভ্যান চালক পলাতক রয়েছে।